

২০১৭

বাংলা

চতুর্থ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১। যুগসন্ধির কবি হিসেবে ঈশ্বর গুপ্তের কৃতিত্ব পর্যালোচনা করো। ১৬

অথবা

ঈশ্বর গুপ্তের স্বদেশপ্রেম বিষয়ক কবিতাগুলির মূল্যায়ন করো। ১৬

২। 'মেঘনাদবধ কাব্য'-এ পাশ্চাত্য প্রভাবের পরিমাণ নির্ণয় করো। ১৬

অথবা

রাবণ চরিত্রটি যথার্থ ট্রাজিক নায়ক হয়ে উঠেছে কি না তা বিশ্লেষণ করে দেখাও। ১৬

৩। জীবনানন্দের 'বোধ' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো। ১৮

অথবা

বুদ্ধদেব বসুর কবিতায় (তোমাদের পাঠ্য কবিতা অবলম্বনে) চিত্রকল্পের ব্যবহার সম্পর্কে আলোচনা করো। ১৮

দ্বিতীয়ার্ধ

(নাটক)

[মান—৫০]

৪ নং প্রশ্নসহ মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৪। 'জনা' নাটকে সংযোজিত গানগুলির গুরুত্ব ও তাৎপর্য পর্যালোচনা করো।

১৮

অথবা

'জনা' নাটকে ক্রেড় অঙ্ক যোজনার তাৎপর্য বিশ্লেষণ করো। ১৮

৫। মনস্তাত্ত্বিক নাটক হিসেবে 'নূরজাহান'-এর সার্থকতা বিচার করো। ১৬

অথবা

'নূরজাহান' নাটকে সংলাপ সৃষ্টিতে নাট্যকারের দক্ষতা পর্যালোচনা করো।

১৬

৬। 'নবান্ন' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১৬

অথবা

'নবান্ন' নাটকের গঠনশৈলী বিশ্লেষণ করো। ১৬

৭। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে মধ্যবিত্ত জীবনের যে ছবি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করে দেখাও। ১৬

অথবা

'এবং ইন্দ্রজিৎ' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১৬